

NYC-তে সাইকেল চালানো সংক্রান্ত অফিসিয়াল গাইড





nyc.gov/bikes

বাইক স্মার্ট সম্পর্কে

NYC-তে বাইক চালানো আগে কখনো এতো ভাল ছিল না!

শহরব্যাপী 1,000 মাইল বাইক চালানোর সুবিধা এবং একটি সম্প্রসারিত Citi Bike বহরের মাধ্যমে, দুই চাকার গাড়িতে ভ্রমণ করা নিরাপদ, সহজ, সুবিধাজনক এবং মজাদার।

শহরে ঘুরে বেড়ানোর জন্য যা আপনার জানা প্রয়োজন এই নির্দেশিকাটিতে তার সবকিছু আছে, আপনার বাইক কীভাবে লক করবেন সে সম্পর্কে মূল পরামর্শগুলি থেকে শুরু করে কিভাবে আধুনিকতম বাইক পরিকাঠামো ব্যবহার করতে হয় তা পর্যন্ত।

নিরাপদে চালানোর জন্য অনুগ্রহ করে ব্যাখ্যাগুলির প্রতি বিশেষ মনোযোগ দিন। যানবাহন সংক্রান্ত মৃত্যুর হার ও আঘাত কমানোর জন্য আমাদের "Vision Zero" প্রচেষ্টার অন্তর্ভুক্ত হল সংঘর্ষের কারণগুলি বোঝা। সংঘর্ষ প্রতিরোধযোগ্য। সাইকেল-চালকদের মৃত্যুর 89% ইন্টারসেকশনগুলিতে ঘটে। কীভাবে নিরাপদে মোড় ঘুরতে হবে, বড় গাড়ির ব্লাইন্ড স্পটগুলি থেকে দূরে থাকতে হবে এবং প্রত্যাশিতভাবে চালানো সম্পর্কে জানা নিজেকে রক্ষা করতে আপনাকে সাহায্য করবে।





সাধারণ পরামর্শ	পৃষ্ঠা
NYC বাইক চালানোর আইন	4-5
নিরাপত্তা সম্পর্কিত পরামর্শ	6
NYC-তে হেলমেট	7
যারা আপনাকে দেখতে পান না তাদের প্রতি নজর রাখুন	8
শিশুদের নিয়ে বাইক চালানো	9
ভ্রমণে বের হওয়া	
বাইক ব্যবস্থাপনা	10-11
শহরের রাস্তাগুলির যাত্রাপথ নির্ণয় করা	12
"দরজায় আটকে" যাবেন না	13
রাস্তাটি পড়ে নিন	14
মিক্সিং জোন	15
বড় গাড়ির কাছ দিয়ে বাইক চালানো	16
আপনার অভিপ্রায়ের ইঙ্গিত দিন	17
বাঁক নেওয়া	
বাঁকগুলি : পথচারীর ধরণ	18
বাঁকগুলি : যানবাহনের ধরণ	19
বাঁকগুলি: একটি বাইক বক্স ব্যবহার করা	20
বাইক স্টোরেজ	
আপনার বাইকটিকে লক করা	21
আপনার বাইকটিকে ভেতরে আনুন	22
NYC বাইক রিসোর্সেস	23

NYC বাইক চালানোর আইন



Exercise caution and yield to pedestrians

সাবধানতা অবলম্বন করুন এবং পথচারীদের চাপা দেবেন না



Stop at all red lights and stop signs

সকল লাল আলোগুলো এবং থামার চিহ্নগুলোতে (STOP) থামুন



Ride in the direction of traffic

যানবাহন চলার অভিমুখে গাড়ি চালান



Stay off the sidewalk unless you're under 13

ফুটপাথ থেকে দুরে থাকুন যদি না আপনি 13 বছরের কম বয়সী হন

NYC বাইক চালানোর আইন



Use a white headlight and red taillight at night

রাতের বেলায় একটা সাদা হেডলাইট এবং লাল টেললাইট ব্যবহার করুন



Use a bell to signal presence*

উপস্থিতি জানান দিতে বেল ব্যবহার করুন+ *হুইসেল ও সাইরেন NYC মানদন্ডগুলি পূরণ করে না।



Do not wear more than one earphone while riding

বাইক চালানোর সময়ে একটার বেশি শ্রবণযন্ত্র পরবেন না

এগুলি এবং অন্যান্য আইনগুলির বিষয়ে আরো তথ্যের জন্য nyc.gov/bikesmart দেখুন।

নিরাপত্তা সম্পর্কিত পরামর্শ

প্রতিবার নিরাপদে বাইক চালানো সুনিশ্চিত করার জন্য NYC বাইক চালানোর আইন ছাড়াও এইসকল পরামর্শগুলি মেনে চলুন।



আপনার ফোন দূরে রাখুন।

বাইক চালানোর সময়ে টেক্সট পাঠানো বা কথা বলা আপনার চোখ ও কানকে রাস্তা থেকে দূরে রাখে।



চলাচলে-অক্ষম ব্যক্তিদের ব্যাপারে খেয়াল রাখুন।

প্রত্যাশিত এবং শ্রদ্ধাশীল হোন।



আপনাকে যাতে দেখতে পাওয়া যায় তার জন্য যথাসম্ভব চেষ্টা করুন।

আপনার আলো ছাড়াও, উজ্জ্বল বা প্রতিফলনযোগ্য কিছু পরা একটা ভাল ধারণা।

2007 সাল থেকে NYC DOT বিনামূল্যে 150,000 হেলমেট বিতরণ করেছে এবং ফিট করেছে। হেলমেট ফিট করার সময়সূচি নির্ধারণের জন্য 311 নম্বরে ফোন করন!



NYC-তে হেলমেট

আপনি প্রতিবার বাইক চালানোর সময়ে হেলমেট পড়ুন। হেলমেট পরা সাইকেল-চালকদের আঘাতমূলক মস্তিক্ষের আঘাত পাওয়ার সম্ভাবনা 72% কম থাকে।

হেলমেট তখনই কাজ করে যখন আপনি তা সঠিকভাবে পরিধান করেন।



এটিকে নামিয়ে এবং সমান করে বসিয়ে পরুন।

আপনার ভুরু থেকে প্রায় দুই আঙুল-প্রশস্ত উপরে, আপনার মাথার উপরে সমান করে বসিয়ে আপনার হেলমেটটি পরুন।



স্ট্র্যাপটির বকলেস লাগান।

সবসময় চিবুকের স্ট্র্যাপটির বকলেস লাগান। ভালভাবে ফিট হওয়ার জন্য স্ট্র্যাপটি আপনার কানের চারপাশে একটা "Y" তৈবি কবে।



কখনো ক্ষতিগ্রস্ত হেলমেট পরবেন না।

কোনো দুর্ঘটনার পরে এবং আপনি কোনো ক্ষতির চিহ্ন দেখতে পেলে সাথে সাথে আপনার হেলমেটটি পাল্টান।

13 বছর বা তার চেয়ে ছোট সাইকেল-চালকদের জন্য নিউ ইয়র্ক স্টেট আইন অনুসারে হেলমেট পরা বাধ্যতামূলক।

যারা আপনাকে দেখতে পান না তাদের প্রতি নজর রাখুন

175,000 জনের বেশি নিউ ইয়র্কবাসী আছেন যারা অন্ধ বা দৃষ্টিশক্তিহীন। আপনি বাইক চালানোর সময়ে, অনুগ্রহ করে তাদের জন্য সতর্ক থাকুন। আপনি যে আসছেন তারা তা দেখতে নাও পেতে পারেন।



নজর রাখুন

যারা সাদা ও লাল ছড়ি ব্যবহার করছেন বা সীইং-আই (seeing-eye) বা গাইড কুকুর সাথে আছে তাদের প্রতি নজর রাখুন।



অপেক্ষা করুন

তারা যদি হাঁটতে শুরু করেন, তাহলে চলার আগে তাদের রাস্তা পার হতে দিন। গাইড কুকুর থাকা কোনো ব্যক্তির পাশ দিয়ে বাইক চালাবেন না, যেহেতু এতে সেবাদানকারী জস্তুটি চমকে উঠতে পাবে।



সতর্ক করুন

আপনি এগিয়ে এলে তারা যাতে জানতে পারেন সেইজন্য আপনার বেল বা কল আউট ব্যবহার করুন।

#Cycleyes প্রোগ্রামটি সম্পর্কে আরো জানতে nyc.gov/accessibility দেখুন।

শিশুদের নিয়ে বাইক চালানো



ইন্টারসেকশনগুলো পাশা-পাশি পার করুন

13 ও তার কম বয়সী শিশুদের জন্য:

আপনি রাস্তা দিয়ে বাইক চালানোর সময়ে আপনার শিশুর ফুটপাত দিয়ে বাইক চালানো উচিত।

আপনার শিশুকে গতি নির্ধারণ করতে দিন।

শিশুদের গাড়ি চলার রাস্তায় ও ইন্টারসেকশনগুলিতে থামা উচিত।

ইন্টারসেকশনগুলো পাশা-পাশি পার করুন

14 ও বেশি কম বয়সী শিশুদের জন্য:

আপনার শিশুর রাস্তা দিয়ে বাইক চালানো উচিত, সেইসময়ে আপনি অল্প একটু পেছনে বাইক চালান।

আপনার শিশুকে গতি নির্ধারণ করতে দিন।

আপনার শিশুকে পথচারী-ধরণে মোড় নিতে শেখান (পৃষ্ঠা 18 দেখুন)।

ইন্টারসেকশনগুলো পাশা-পাশি পার করুন

বাইক ব্যবস্থাপনা

নিউ ইয়র্ক সিটির 1,000 মাইলের চেয়ে বেশি বাইক ব্যবস্থাপনাগুলিকে চারটি বিভাগে প্রেণিবিভাগ করা হয়েছে:



সুরক্ষিত বাইক লেন

পার্ক করা গাড়ি বা বাস্তব বাধাওলি দিয়ে রাস্তার উপরে সুরক্ষিত বাইক লেনওলিকে যানবাহন থেকে সুরক্ষিত রাখা হয়। রাস্তা থেকে দূরে বাইক চালানোর রাস্তাওলি অনেকটাই শহরের জলাশয়ের পাশাপাশি ও অনেক পার্কের মধ্য দিয়ে যায়।



মিলেমিশে ব্যবহার করার রাস্তা

মিলেমিশে ব্যবহার করার রাস্তাগুলি
সাইকেল-চালক ও গাড়িচালকদের দ্বারা
ব্যবহৃত হয়। এগুলিকে "শ্যারো" (শেভরন উল্টানো V চিহ্ন) সহ বাইক চিহ্ন) ও
চিহ্নসমূহ দিয়ে দাগ দেওয়া হয়।



বাইক লেন

বাইক লেনগুলো রাস্তার উপরে রঙ করা,
প্রায়শই পার্কিং রাস্তার পাশের লেন, এবং
বাইক চিহ্ন দিয়ে চিহ্নিত করা হয়েছে।
এর পরও কিছু রাস্তায় সাইকেল-চালকদের
যানবাহনের থেকে আলাদা করার জন্য একটা
রঙ করা বাফার থাকে।




চিহ্নিত করা পথ

চিহ্নিত করা পথ হল দাগ না দেওয়া রাস্তা যেগুলি "Bike Route" (বাইকের পথ) চিহ্ন বা গ্রীণওয়ে মেডালিয়ন দিয়ে চিহ্নিত করা হয়। চিহ্নগুলি অনুসরণ করা সাইকেল-চালকদের একটি পূর্ব-নির্ধারিত পথের নির্দেশ দিয়ে সাহায্য করে।



শহরের রাস্তাগুলির যাত্রাপথ নির্ণয় করা

আপনার নিরাপত্তার জন্য প্রয়োজন হলে একটি যাত্রা পথের কেন্দ্র দিয়ে গাডি চালানোর অধিকার আপনার আছে।



যা করবেন

প্রত্যাশিত হোন।

আপনার অভিপ্রায় জানানোর জন্য সবসময় হাতের ইশারা ব্যবহার করুন।

দেখুন, ইশারা দিন এবং আপনি রাস্তা বদল করার আগে আবার দেখুন।

লেন দিয়ে যান।

বাঁক নেওয়ার জন্য প্রস্তুত হওয়ার সময়ে,
কম দৃষ্টিগ্রাহ্য স্থানগুলিতে, এবং রাস্তাটি খুব
সংকীর্ণ হওয়ার জায়গাগুলিতে লেন দিয়ে
যান যাতে একটি বাইসাইকেল ও একটি
গাড়িকে পাশাপাশি নিরাপদে চলার সুয়োগ
দেওয়া যায়। অথবা যেখানে একটি বাধা
থাকে, সেখানে আপনাকে পাশ দিয়ে চলে
সেতে হয়।

যা করবেন না

ক্রমাগত একটি রাস্তা থেকে অন্য রাস্তায় বদল করবেন না।

"দরজায় আটকে" যাবেন না

পার্ক করা গাড়ির কাছ দিয়ে বাইক চালানো হলে, খোলা হচ্ছে এমন গাড়ির দরজাগুলি সাইকেল-চালকদের বিপন্ন করে দেয়। আপনার দূরত্ব বজায় রাখুন এবং সতর্ক থাকুন।



রাস্তাটি পড়ে নিন

রাস্তার লাইনগুলি আপনাকে রাস্তার দিকনির্দেশ পেতে এবং অন্যান্য ব্যবহারকারীদের সাথে রাস্তাটি ভাগ করে নিতে সাহায্য করতে পারে।



সাধারণত, একটি ড্যাশ দেওয়া বাইক লেন লাইন নির্দেশ করে যে গাড়িগুলি বাইক লেনে প্রবেশ করতে পারে।



শেভরন সহ মিড-ব্লক ড্যাশ দেওয়া লাইন একটি সক্রিয় ড্রাইভওয়ের নির্দেশ দেয়।



ইন্টারসেকশনগুলিতে, শেভরন সহ একটি ড্যাশ দেওয়া লাইন নির্দেশ করে যে গাড়িগুলো আপনার রাস্তা জুড়ে বাঁক নিতে পারে। পথনির্দেশ পাওয়ার জন্য দাগগুলির সাহায্য নিন।



টু-ওয়ে বাইক লেনগুলি একটি ড্যাশ দেওয়া হলুদ কেন্দ্রীয় লাইন এবং অভিমুখ নির্দেশক তীরচিহ্ন দিয়ে নির্দেশ করা হয়।

মনে রাখুন, সাইকেল-চালকদের অবশ্যই সবসময় যানবাহনের অভিমুখে চলতে হবে, এমনকি বাইক লেনেও।

মিক্সিং জোন

মিক্সিং জোন হল ইন্টারসেকশনগুলিতে যাওয়ার জায়গা যেখানে সাইকেল-চালক ও বাঁক নেওয়া গাড়িগুলো এসে মেশে।



বড় গাড়ির কাছ দিয়ে বাইক চালানো

মোটর গাড়ির তুলনায় ট্রাক ও বাসগুলির ব্লাইন্ড স্পটগুলি বড় হয়। চালক আপনাকে দেখতে পাবেন বলে ধরে নেবেন না।



যা করবেন

ট্রাকগুলি বাঁক নেওয়ার সময়ে নিজেকে যথেষ্ট পেছনে রাখুন।

এগিয়ে যাওয়ার আগে ট্রাকটিকে বাঁক নিতে দিন।

বাসগুলির পাশে চালানোর সময়ে সাবধানতা অবলম্বন করুন। সেগুলি প্রায়শই বাঁকের দিকে যায়।

যা করবেন না

একটি ট্রাক ও এক সারি পার্ক করা গাড়ির মাঝখানে চেপটে যাবেন না।

আপনার অভিপ্রায়ের ইঙ্গিত দিন



চলন্ত গাড়ি


- 1 আপনার ঘাড় ঘুরিয়ে গাড়িগুলির দিকে নজর রাখুন।
- 2 বাঁক নেওয়া বা রাস্তা বদল করার আগে ইশারা দিন।
- এটি যে নিরাপদ তা নিশ্চিত করার জন্য আবার দেখুন।
- 4 এগিয়ে চলুন।

চলন্ত সাইকেল-চালক

- আপনার ঘাড় ঘুরিয়ে গাড়ি বা বাইকগুলির দিকে নজর রাখুন।
- রাস্তা বদল করার আগে ইশারা করুন।
- আপনার এগিয়ে যাওয়ার অভিপ্রায় ঘোষণা করুন এই বলে য়ে "On your left (আপনার বামে)" বা "On your right (আপনার ভানে)।"
- 4 এগিয়ে চলুন।


বাঁকগুলি : পথচারীর ধরণ

যানবাহনের সংখ্যা বেশি হলে বা আপনি রাস্তা বদল করতে স্বচ্ছন্দ না হলে আলোর রঙ পাল্টানোর পরে পথচারীদের সাথে বাঁক নিন।



বাঁকগুলি: যানবাহনের ধরণ

রাস্তা বদল করা নিরাপদ হলে এবং আপনার গতি বজায় রাখতে চাইলে যানবাহনের সাথে বাঁক নিন। এই স্টাইলটি বেশি দক্ষ সাইকেল-চালকদের জন্য।



বাঁকগুলি: একটি বাইক বক্স ব্যবহার করা

বাইক বক্সগুলি এমন জায়গায় লাগানো হয় যেখানে দুটি বাইক ব্যবস্থাপনা মিলিত হয়, যাতে লাল আলোয় থেমে থাকা সাইকেল-চালকদের দৃষ্টিগ্রাহ্যতা বাড়ানো যায়। এটি সাইকেল-চালকদের বাঁক নেওয়ার জন্য একটি বেশি ভাল অবস্থানে রাখে। আপনি একটি লাল আলোয় ইন্টারসেকশনে এলে শুধুমাত্র সেক্ষেত্রেই একটি বাইক বক্স ব্যবহার করুন।



এটিকে সঠিকভাবে তালাবন্ধ করুন

যা করবেন

একটি **U-**লক এবং/বা ভারী চেন ব্যবহার করুন।

একটির বেশী তালা চুরি প্রতিরোধ করতে সাহায্য করবে।

> লোকদের যাওয়ার জন্য জায়গা খালি রাখন।



উপলব্ধ হলে নির্দিষ্ট করা বাইক রযাকগুলি ব্যবহার করুন।





দেখে নিন।

আপনার বাইকটিকে যে জিনিসটির সাথে লক করা হয়েছে সেটির উপর আপনি যে আপনার বাইক তুলতে পারছেন না তা নিশ্চিত করুন।

যা করবেন না

গাছ বা সাবওয়ে রেলিংয়ের সাথে লক করবেন না।

দীর্ঘ সময় ধরে আপনার বাইকটিকে ছেড়ে রেখে যাবেন না।

পথ আটকে দেবেন না।





আপনার বাইকটিকে ভেতরে আনুন

আপনি যদি মালপত্র তোলার এলিভেটর থাকা একটি বাণিজ্যিক অফিস বিভিংয়ে কাজ করেন, তাহলে আপনার বাইসাইকেল ভবনের ভেতরে নিয়ে যাওয়ার অনুরোধ জানানোর ক্ষেত্রে আপনার কর্মনিয়োগকারীর জন্য "Bikes in Buildings (বিভিংয়ে বাইক)" আইনটি একটি উপায় প্রদান করে।

এইসকল ধাপগুলি অনুসরণ করুন:

- 1 চাহিদাগুলি খতিয়ে দেখা
 - কর্মনিয়োগকারী যে বাইকগুলিকে স্থান দিতে চান সেগুলির নম্বর খতিয়ে দেখেন।
- ভাড়াটিয়ার অনুরোধ জমা দেওয়া

কর্মনিয়োগকারী বিভিংয়ের মালিক বা ম্যানেজারের কাছে বাইক পার্কিং করার জন্য একটি ভাড়াটিয়ার অনুরোধ পেশ করেন।

বিল্ডিংয়ের মালিকের দ্বারা কার্যে পরিণত করা

ভাড়াটিয়ার অনুরোধ পাওয়ার 30 দিনের মধ্যে, বিভিংয়ের মালিককে অবশ্যই একটি Bicycle Access Plan (বাইসাইকেলের প্রবেশাধিকার সংক্রান্ত পরিকল্পনা) কার্যে পরিণত করতে ও পোস্ট করতে হবে।

বা

 A) বাইসাইকেল পার্ক করার বিকল্প বন্দোবস্ত বা B) বিল্ডিংয়ের মালপত্র তোলার এলিভেটরের অনুপৃষ্ঠিতর জন্য ভাড়াটিয়ার অনুরোধ পাওয়ার15 দিনের মধ্যে একটি ব্যক্তিক্রমের জন্য অনুরোধ জানান।



বিশদ তথ্য এবং ফর্মগুলির জন্য দেখুন www.nyc.gov/bikesinbuildings

NYC বাইক রিসোর্সেস

সিটি অফ নিউ ইয়ৰ্ক

NYC ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টশন বাইসাইকেল প্রোগ্রাম nyc.gov/bikes

NYC ডিপার্টমেন্ট অফ সিটি প্ল্যানিং nyc.gov/planning

NYC ডিপার্টমেন্ট অফ পার্কস অ্যান্ড রিক্রিয়েশন nyc.gov/parks

Citi Bike citibikenyc.com

সাইক্লিং এডুকেশন অ্যান্ড অ্যাডভোকেসি অরগানাইজেশনস্

Bike New York bikenewyork.org

Bike the Bronx bikethebronx.com

Biking Public Project facebook.com/BikingPublicProject

Kidical Mass NYC facebook.com/kidicalmassnyc

Recycle-A-Bicycle recycleabicycle.org

QNS Bike qns.bike

Star Track Cycling startrack.nyc

Transportation Alternatives transalt.org

সাইক্লিং ক্লাবগুলি

Century Road Club Association (কম্পিটিটিভ) crca.net

Fast & Fabulous (LGBT) fastnfab.org

Five Borough Bicycle Club (রিক্রিয়েশনাল) 5bbc.org

Major Taylor Iron Riders (রিক্রিয়েশনাল) majortaylorironriders.com

New York Cycle Club (রিক্রিয়েশনাল) nycc.org

OUTCYCLING (LGBT) outcycling.org

Staten Island Bicycling Association (রিক্রিয়েশনাল) sibike.org

WE Bike (উইমেন) webikenyc.org

Weekday Cyclists in NYC (রিক্রিয়েশনাল) weekdaycyclists.org

ন্যাশানাল সাইক্লিং গ্রুপস্

Bikes Belong bikesbelong.org

Black Girls Do Bike blackgirlsdobike.com

League of American Bicyclists bikeleague.org

National Center for Bicycling and Walking bikewalk.org



হাজার হাজার নিউ ইয়র্কবাসীর সাথে যোগ দিন যারা

প্রতিদিন বাইক চালান।



একটি বিনামূল্য NYC বাইক ম্যাপের জন্য 311 নম্বরে কল করুন বা nyc.gov/bikes দেখুন।

